

WELLAND GOULDSMITH SCHOOL, PATULI  
CLASS - VIII  
BENGALI 2ND LANGUAGE  
SESSION - 2020 - 2021

গদ্য - আমার কল্পনার ভারত  
লেখক - মহাত্মা গান্ধী

বিষয়বস্তু পর্যালোচনা

মহাত্মা গান্ধী 'আমার কল্পনার ভারত' প্রবন্ধে এক আদর্শ ভারতের স্বপ্ন দেখেছেন। তিনি মনে করেন যে ভারতের লক্ষ্য ও ব্রত অন্য দেশের থেকে পৃথক হবে। তাঁর স্বপ্নের ভারত আধ্যাত্মিক শক্তির দ্বারা পশু শক্তিকে হারিয়ে দেবে। মহাত্মার ভারতে কোন ধনী-দরিদ্রের ভেদাভেদ থাকবে না। সকলে শান্তি ও সৌভ্রাতৃত্বের সঙ্গে বাস করবে। এখানে থাকবেনা কোন শ্রেণী বিভাজন। এখানে অস্পৃশ্যতা থাকবে না, মাদক দ্রব্য বর্জন করা হবে, নারী-পুরুষ পাবে সমান অধিকার। এদেশ হবে অন্যের শোষণমুক্ত। এদেশে সৈন্যদল থাকবে সীমিত।

ভারত তার সমস্ত কুপ্রথা ও কুনীতি দূর করে অর্থনৈতিক উন্নতি ঘটাবে। মহাত্মার কামনা ভারত স্বাধীন ও শক্তিশালী হয়ে সমগ্র বিশ্বের উন্নতি সাধনে উদ্যোগী হবে। স্বাধীন ভারত মানবজাতিকে শান্তি ও প্রেমের পথ দেখাবে। ভারতবর্ষ সমগ্র পৃথিবীকে দেখাবে কিভাবে অহিংসার মাধ্যমে স্বাধীনতা অর্জন করা যায়। মহাত্মার আশা ভারতের সম্পদ সমগ্র বিশ্বের কাজে ব্যবহৃত হবে। বিশ্বের মঙ্গলের জন্য ভারতের অভ্যুত্থান আবশ্যিক। প্রয়োজনে পৃথিবীর মঙ্গলের জন্য ভারতবর্ষ আত্মবলিদানের শক্তি লাভ করবে।